



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা - ৭৯৯ ০০১ □ পশ্চিম ত্রিপুরা।

রেফ নং :

তারিখ :

সালেমার জয়ন্তী বাজারে মহিলা কমিশনের সচেতনতা শিবির

সাম্প্রতিক সময়ে কমলপুর মহকুমার জয়ন্তী বাজারে একজন মহিলার সামাজিক বিচার সংক্রান্ত ঘটনার পরিপ্রেক্ষিতে ত্রিপুরা মহিলা কমিশন গত ৩০-৭-১০ তারিখে সালেমার জয়ন্তী বাজারে, অর্থাৎ যেখানে সামাজিক বিচার হয়েছিল তারই পাশে বাজারে, সালেমা ব্লক প্রশাসনের সহায়তায় একটি সচেতনতা শিবিরের আয়োজন করে।

সভায় সভাপতিত্ব করেন ধলাই জেলা পরিষদের সভাপতি শ্রীমতী প্রণতি দাস। স্বাগত ভাষণ দিয়ে সভার কাজ শুরু করেন সালেমা ব্লক উন্নয়ন অধিকারিক শ্রীমানিক লাল বৈদ্য। প্রধান বক্তা হিসেবে, সর্বক্ষেত্রে মেয়েদের আইনী অধিকার সংক্রান্ত সুরক্ষা এবং নারী নির্যাতন প্রতিরোধ সম্পর্কে নিয়ে বিতৃত আলোচনা করেন ত্রিপুরা মহিলা কমিশনের সভানেত্রী ডঃ তপতী চক্রবর্তী। তিনি বলেন কোন সমাজের বিচারই মানবতা বিরোধী হতে পারেনা। কারণ মানুষকে নিয়েই আমাদের সমাজ। সেই সমাজের পুরুষ এবং নারী দুজনেরই যে মানবাধিকার আছে তা সকলকে মনে রাখতে হবে। বর্তমানে বিশ্বজল সমাজ ব্যবস্থায় নারীদের যথেষ্ট সচেতন হওয়ার আহ্বান রাখেন মহিলা কমিশনের সদস্য শ্রীমতী নিভা দেববর্মণ। নারী ও পুরুষ মিলে প্রায় ২৫০ জন অংশগ্রহণকারীর সাগ্রহ উপস্থিতি সভাটিকে সফল করেছে। সমবেত শ্রোতৃমন্ডলীর সামনে বক্তব্য রাখেন সালেমা পঞ্চায়ত সমিতির চেয়ারম্যান শ্রীশৈলেশ আচার্য এবং কমলপুরের মহকুমা শাসক শ্রীবিধিলিং রাংখল এবং এসডিপিও শ্রীবাদল দেববর্মাও সভায় উপস্থিত ছিলেন। সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

31.7.10
DR. DEBARMAN
Member,
Tribuna Commission For Women